# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**06-05-2026** **Time: 1.40 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) রাজ্য বিধানসভার বর্তমান মেয়াদ শেষ হচ্ছে আগামীকাল। নতুন সরকার গঠন নিয়ে তৎপরতা তুঙ্গে।

২) পশ্চিমবঙ্গে বিজেপির পরিষদীয় দলের নেতা নির্বাচনে আজ রাজ্যে আসছেন বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

৩) তৃণমূল কংগ্রেস প্রধান বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাড়ি এবং তাদের কার্যালয়ের সামনে থেকে অতিরিক্ত নিরাপত্তা ধাপে ধাপে তুলে নেওয়া হচ্ছে।

কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দা জানিয়েছেন, কোনোরকম অশান্তি এড়াতে সবরকম পদক্ষেপ নেওয়া হবে।

৪) নির্বাচনী পরবর্তী রাজনৈতিক হিংসা এড়াতে বিভিন্ন জেলায় প্রশাসনের পক্ষ থেকে একাধিক বন্দোবস্ত নেওয়া হচ্ছে।

ন্যাজাটে রাজনৈতিক সংঘর্ষ থামাতে গিয়ে, কেন্দ্রীয় বাহিনীর এক জওয়ান ও দুই পুলিশ কর্মী আহত হওয়ার ঘটনায় চারজন গ্রেপ্তার হয়েছে।

৫) অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয়বাষ্প প্রবেশ করায় রাজ্যের বেশ কিছু জেলায় আজও বৃষ্টির সম্ভাবনা।

---------------------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভার বর্তমান মেয়াদ শেষ হচ্ছে আগামীকাল। পশ্চিমবঙ্গে ভোট প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর নির্বাচন কমিশন ইতোমধ্যেই নতুন বিধানসভা গঠনের বিজ্ঞপ্তি জারি করেছে। রাজ্যপাল আর এন রবির কাছে কমিশনের সেই নির্দেশিকা পাঠিয়ে দেওয়া হয়েছে। নতুন সরকার গঠনের প্রস্তুতি নিয়ে একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট অভিরূপ

-------------------

পশ্চিমবঙ্গে বিজেপির পরিষদীয় দলের নেতা নির্বাচনে আজ রাজ্যে আসছেন দলের বরিষ্ঠ নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সন্ধ্যায় তাঁর কলকাতায় পৌঁছনোর কথা। এরপর শ্রী শাহর উপস্থিতিতে দলের সাংগঠনিক বৈঠকে পরিষদীয় দলের নেতা নির্বাচন করা হবে।

উল্লেখ্য, গতকাল শ্রী শাহকে এরাজ্যে পরিষদীয় দলের নেতা নির্বাচনের জন্য পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত করা হয়। ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝিকে, সহ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

-------------------

তৃণমূল কংগ্রেস প্রধান বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাড়ি এবং তাদের কার্যালয়ের সামনে থেকে অতিরিক্ত

নিরাপত্তা ধাপে ধাপে স্থায়ীভাবে তুলে নেওয়া হয়েছে বলে কলকাতা পুলিশ জানিয়েছে। আজ সকালে লালবাজারের এক সাংবাদিক বৈঠকে কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ জানান, মমতা ব্যানার্জীর বাড়ির সমানে রিমোট চালিত সিজার গেট লালবাজারের তরফে সরিয়ে নেওয়া হয়েছে। জনসাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে তাঁর বাড়ির সামনের রাস্তা। আপাতত এক ইন্সপেক্টর ও কয়েকজন কনস্টেবল সহ রাফ ও স্পেশাল ব্রাঞ্চের গুটিকয়েক আধিকারিক রয়েছেন।

অন্যদিকে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাড়ির সামনে গার্ড রেল সরিয়ে দেওয়া হয়েছে। কমানো হয়েছে নিরাপত্তা কর্মীদের সংখ্যা। তবে নিরাপত্তা সংক্রান্ত বাকি বিষয়টি ডায়রেক্টর সিকিউরিটির ওপর নির্ভর করছে বলে শ্রী নন্দ জানান।

এদিকে, অশান্তি এড়াতে আবারও কোনোরকম প্রোরোচনায় পা না দেওয়ায় আবেদন জানিয়েছেন তিনি। এখনও পর্যন্ত হিংসার ঘটনায় কলকাতা পুলিশের আওতাধীন এলাকা থেকে ৮০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ নেওয়া হচ্ছে।

বাইট সিপি

শহরে মোতায়েন রয়েছে ৬৫ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। একইসঙ্গে রয়েছে ২৪০ টি কিউআরডি। পুলিশের কর্তব্যে গাফিলতি থাকলেও বিভাগীয় স্তরে পদক্ষেপ নেওয়ার কথাও জানিয়েছেন সিপি। তিনি বলেন, বুলডোজার নিয়ে কোনো বিজয় মিছিল করা যাবে না। এধরনের ঘটনা ঘটলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। একইসঙ্গে বিজয় মিছিলের জন্য অগ্রিম অনুমতি নেওয়া বাধ্যতামূলক। বিনা অনুমতিতে বিজয় মিছিলের আোজন করা হলে তা পুলিশ আটকাবে বলে শ্রী নন্দ স্পষ্ট জানিয়ে দেন।

------------------

বিজেপি নেতা শুভেন্দু অধিকারী, দলের নেতা কর্মীদের কাছে শান্তি বজায় রাখার পাশাপাশি সংযত থাকার আবেদন জানিয়েছেন। নন্দীগ্রামে আজ সকালে দলীয় কর্মীদের উদ্দেশে তিনি আপাতত দুতিনদিন বিজয় মিছিল না করার বার্তা দেন। ৯ তারিখের পর পুলিশের অনুমতি নিয়ে বিজয় মিছিলে সামিল হওয়ার পরামর্শ দিয়েছেন তিনি।

বাইট শুভেন্দু

-------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় পালাবদলের পটভূমি। বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে রাজ্যে নতুন সরকার গঠন করতে চলেছে বিজেপি। আমাদের প্রতিনিধিরা জানার চেষ্টা করেছেন এই রাজনৈতিক পালাবদলের নেপথ্যে কি রয়েছে বলে মনে করছেন সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-------------------

ভোট পরবর্তী রাজনৈতিক হিংসা রুখতে নির্বাচন কমিশনের নির্দেশ মতো তৎপরতা বাড়িয়েছে বিভিন্ন জেলা প্রশাসন।

পুরুলিয়ার জেলা পুলিশ, সমাজ মাধ্যমগুলির ওপর নজরদারি শুরু করেছে। জেলার SP বৈভব তিওয়ারী জানিয়েছেন, অশান্তি ছড়ানোর অভিযোগে একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

অন্যদিকে, বাঁকুড়া জেলায় এখনো পর্যন্ত ভোট পরবর্তী কোনো হিংসার ঘটনা ঘটেনি বলে জেলাশাসক অনীশ দাশগুপ্ত এবং SP সৌম্যদীপ ভট্টাচার্য আজ এক

সাংবাদিক বৈঠকে জানান। এছাড়াও, আইনশৃঙ্খলা ও শান্তি বজায় রাখতে, ইন্দাস ও পাত্রসায়র সহ বিভিন্ন থানা এলাকা থেকে ৬০ জনকে হেফাজতে নেওয়া হয়েছে। অশান্তি ছড়ানোর আশঙ্কাতেই সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে এই সিদ্ধান্ত।

নদীয়া জেলায় গণনার পর বেশ কিছু ঘটনা ঘটলেও, গতরাত থেকে নতুন করে অশান্তির কোনও খবর নেই। জেলাশাসক শ্রীকান্ত পল্লী এবং পুলিশ সুপার ওয়াই রঘুবংশী আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, হিংসার ঘটনায় এপর্যন্ত ৫৫ জনকে আটক ও গ্রেপ্তার করা হয়েছে। জেলায় মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনী।

মালদায়, ভোট পর্ব মিটে গেলেও, আগামী ১৫ তারিখ পর্যন্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। জেলাশসক রাজেন বীর সিং কাপুর এবং পুলিশ সুপার অনুপম সিং, এলাকায় শান্তি বজায় রাখার জন্য বাসিন্দাদের প্রতি আবেদন জানান।

-------------------

ভোট পরবর্তী সময়ে  কোনো রকম অশান্তি না করার জন্য জেলাবাসীকে আবেদন জানিয়েছেন ,পূর্ব মেদিনীপুর জেলার জেলাশাসক নিরঞ্জন কুমার। জেলাশাসক অফিসে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, জেলা জুড়ে মোতায়েন রয়েছে প্রচুর পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। আইন নিজের হাতে  না নিতে তিনি সকলকে  আবেদন জানান।

এদিকে, নির্বাচনোত্তর হিংসা রোধ করা ও আইনের শাসন প্রতিষ্ঠার বার্তা দিয়েছেন হুগলী জেলার জেলাশাসক খুরশিদ আলী কাদরি। উপস্থিত ছিলেন পুলিশ কমিশানার সুনীল কুমার যাদব। সিআইএসএফ, সিএপিএফ সহ কেন্দ্রীয় বাহিনীর কমান্ডেন্ট রা

উপস্থিত ছিলেন। জেলাশাসক খুরশিদ আলী কাদরী জানান। প্রশাসন কোনও হিংসার সুযোগ তৈরী হতে দেবে না।

একই রকম ভাবে পূর্ব বর্ধমান জেলাতেও ভোট পরবর্তী অশান্তি রুখতে কড়া পদক্ষেপ নিয়েছে প্রশাসন। এই পরিপ্রেক্ষিতে জেলাশাসক, জেলা পুলিশসুপার এবং কেন্দ্রীয় বাহিনীর জেলা ফোর্স কোঅর্ডিনেটর আজ যৌথ সাংবাদিক সম্মেলন করে জেলাবাসীকে কড়া বার্তা দেন।

------------------

উত্তর ২৪ পরগণায় **ন্যাজাটে** রাজনৈতিক সংঘর্ষ থামাতে গিয়ে, কেন্দ্রীয় বাহিনীর এক জওয়ান ও দুই পুলিশ কর্মী আহত হওয়ার ঘটনায় চারজন গ্রেপ্তার হয়েছে। তবে তারা কোন্ রাজনৈতিক দলের সদস্য, তা' স্পষ্ট নয়। ধৃতদের আজই আদালতে তোলা হবে। সকালে কেন্দ্রীয় বাহিনীর উচ্চ পদস্থ আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছন। উদ্ধার হয়েছে প্যাকেট ভর্তি বোমা। এলাকায় চলছে রুটমার্চ।

বারাসাত রেঞ্জের আইজি অমিত জাভালগি জানিয়েছেন, মাছের ভেরী দখলকে কেন্দ্র করে এই ঘটনা ঘটে।

**( বাইট- অমিত জাভালগি )**

এদিকে, ন্যাজাট থানার ওসি প্রসূন কর, সহ মহিলা পুলিশ কনস্টবল ও কেন্দ্রীয় বাহিনীর জওয়ানের শারীরিক অবস্থা গুরুতর হলেও, আপাতত স্থিতিশীল। তিনজনই কলকাতার চিত্তরঞ্জন হাসপাতালে চিকিৎসাধীন।

এদিকে, **সন্দেশখালির** তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাহজাহান ও তার বাহিনীর এক দশকের সন্ত্রাস কাটিয়ে, নিজেদের ভিটেয় ফিরেছে প্রায় দুশো'টি পরিবার। সাকদা

এলাকার বিজেপি কর্মীদের সহায়তায় তারা ঘরে ফেরেন। তবে, গ্রামবাসীদের মধ্যে এখনো আতঙ্ক রয়েছে। দীর্ঘস্থায়ী শান্তির লক্ষ্যে তারা প্রশাসনের কাছে কড়া নিরাপত্তার দাবী জানিয়েছে।

-------------------

দুর্নীতি ও হিংসায় জড়িতদের দলে অন্তর্ভুক্ত করা হবে না বলে বিজেপি স্পষ্ট জানিয়েছে। কলকাতায় গতকাল  এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানিয়েছেন, অন্য দল থেকে এসে শুধুমাত্র নিজেদের বিজেপি বলে দাবি করলেই কাউকে দলে নেওয়া হবে না। অতীতে যারা দুর্নীতি সন্ত্রাস অথবা সাধারণ মানুষের উপর অত্যাচারে যুক্ত ছিল তাদের কোনভাবেই  যোগদান করানো হবে না।

-------------------

এনফোর্সমেন্ট  নির্দেশালয় – ই ডি, দুটি মামলার তদন্তের সূত্রে একাধিকবার তলব করার পরেও তিনি সশরীরে হাজিরা না দেওয়ায় কলকাতার পুলিশ কর্তা শান্তনু সিংহ বিশ্বাসের বিরুদ্ধে লুক আউট নোটিশ জারি করেছে। কলকাতা পুলিশ সূত্রে  এ খবর জানা গিয়েছে।

উল্লেখ্য, জমি দখল, তোলাবাজি সহ বিভিন্ন অভিযোগ থাকা বিশ্বজিৎ পোদ্দার ওরফে সোনা পাপ্পুর সঙ্গে সম্পর্কিত মামলার সূত্রে গত ২৮ এপ্রিল কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনুকে সিজিও কমপ্লেক্সে তলব করেছিল ইডি।

এর আগে বালি পাচার মামলায় তাকে তলব করেছিল কিন্তু তিনি যাননি।

-------------------

অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয়বাষ্প প্রবেশ করায় রাজ্যের বেশ কিছু জেলায় আজও বৃষ্টির সম্ভাবনা।

দক্ষিণবঙ্গে পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এবং মুর্শিদাবাদ জেলায় আজ ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এদিকে উত্তরবঙ্গে কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

-------------------

বর্ষা শুরুর আগেই গত দুদিনের প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত জলপাইগুড়ির নাগরাকাটা অঞ্চল। নাগরাকাটার সুখানী নদী ও রাঙ্গাতি নদীর জল গত রাতের বৃস্টির পর নাগরাকাটা বস্তি, বিজয়নগর ও সুখানী বস্তি মিলিয়ে অন্তত ৩০টির বেশি বাড়িতে ঢুকে পড়ে। এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে সুখানী বস্তি। একই সঙ্গে একাধিক চা বাগানেও ক্ষয়ক্ষতি হয়। হিলা চা বাগান-এর লোয়ার ডিভিশনে জল ঢুকে পড়ে,সেইসঙ্গে নয়া সাইলি চা বাগান ও কূর্তি চা বাগানেও একাধিক জায়গায় জল ঢুকে পড়ে।স্থানীয়দের অভিযোগ করেন, আগের বছরের বন্যার পর নদীর বাঁধ আরও মজবুত করা প্রয়োজন হয়ে পড়েছে।

------------------- -------------------